# Sanatan Dharma

---

**এই মনুষ্য জন্ম বড় দুর্লভ**

এই মনুষ্য জন্ম বড় দুর্লভ। এই মনুষ্য-জীবনে যাঁরা প্রজ্ঞাবান বা বুদ্ধিমান তাঁরা উপদেশে পাওয়া মাত্ৰ থেকেই অন্য সমস্ত প্রয়াস ত্যাগ করে বৈদিকধর্ম আচরণ অনুষ্ঠান করেন । মানব শরীরটি অন্যান্য শরীরের মতো অনিত্য অর্থাৎ ক্ষণস্থায়ী হলেও এই মনুষ্য শরীর অত্যন্ত সাধনজ্ঞান ও অর্থপূর্ণ। কারণ, মনুষ্য জীবনেই একমাত্র আত্মজ্ঞান - পরমাত্মজ্ঞান-ব্রহ্মজ্ঞান লাভ করা সম্ভব হয়। যে কেউ শ্রদ্ধা ও নিষ্ঠা সহকারে কিঞ্চিৎমাত্র বৈদিকধর্ম আচরণ অনুশীলন করলেও পূর্ণসিদ্ধির পথে উন্নত অবস্থা লাভ করতে পারে।
আর যারা উপদেশে পাওয়ার পর ও অন্য সমস্ত প্রয়াস ত্যাগ করে বৈদিকধর্ম আচরণ অনুষ্ঠান করেন না -তারা অতন্ত্য দুর্ভাগা। যে আত্মকৃপা করতে পারে না সে কারো কৃপা লাভ করতে পারে না।

Published on: Sep, 27 2022 15:28